
ইনজামাম


# মেড ফর ইচ আদার

## #২




পরীক্ষা?!
হ্যাঁ,সামনের সপ্তাহে যেই সমাজ বিজ্ঞান পরীক্ষাটা সরকারি ছুটির জন্যে মিস যাবে সেটা কালকে হবে। সিলেবাস মনে আছে তো? চাপ্টার ৭ পুরোটা।
কিন্তু ম্যাডাম, আজকেই তো এই সপ্তাহের পরীক্ষাটা দিলাম। মিস যাবে বুঝলাম, কিন্তু তাই বলে একেবারে কালকেই পরীক্ষাটা নিতে হবে?
সেটাই! না হলে সিলেবাস একটু কমিয়ে দেন? চাপ্টার ৭ যা বিশাল! বাপ রে বাপ, ৫০ পেজ!!
আর চাপ্টার ৭ তো মনে হয় ক্লাসেই এখনও শেষ হয় নি.. পরীক্ষা কীভাবে নিবেন??
শেষ হয় নি মানে!? সেই ২ সপ্তাহ আগে ম্যাডাম চাপ্টার ৭ পড়ানো শেষ করলেন, গত সপ্তাহে একবার রিভিশন করালেন..
অবশ্য তোকে আর বাদলকে বলে আর লাভ কী? তোরা ২ ভাই তো ক্লাসে থেকেও থাকিস না। সারাদিন কী কী ঝামেলা পাকাবি,ঐসব নিয়ে গল্প করেই ক্লাস পার করে দিস।


ঐ দেখ। একই ক্লাসে পড়িস, তাও এত তফাৎ.. কঙ্কা কী তোদের চেয়ে ২ টা ভাত বেশি খায়?? সবাই জানে পড়ানো শেষ, এদিকে এই ২ ভাই এর যত ফালতু অজুহাত। ক্লাসে জীবনে এতটুকু মন দিয়েছিস??
শোন,বাবলা আর বাদল! এতদিন যা করার করেছিস! আজকে বাড়ি গিয়ে সোজা পড়তে বস!কালকের পরীক্ষায় যদি ফেইল হয়,সোজা গার্ডিয়ান ডাকাবো কিন্তু!
ছুটির পর
ধুর! কী এক ফ্যাঁসাদে ফাঁসলাম। একে তো বিকালে পাশের পাড়ার সাথে ফুটবল ম্যাচ,ঐদিকে আবার ক্লাস টেস্ট এর ঝামেলা!
পড়া পড়ব না খেলতে যাব?? খেলতে না গেলে ভাববে ভয় পেয়ে গেছি। তখন এই ২ টন প্রেসটিজ কই যাবে??
এদিকে পড়াও তো এক গাদা.. সমাজ বিজ্ঞান এমনেই অসস্তিকর লাগে.. তার উপর আবার ৫০ পেজ এর চাপ্টার, ছ্যাঃ!!
তারপর আবার মাধুরী ম্যাডাম তো হুমকি দিয়ে রেখেছেনই।ফেইল করলে না কী গার্ডিয়ান ডাকাবে। দেখবি বাবা-মার কাছে একের পর এক বিচার দিয়েই যাবে।যত না করেছি,তার তিন ডবল বাড়িয়ে বলবে।
বাদ দে। চল বাড়ি গিয়ে এর একটা সুরাহা খুজি। ম্যাচ আমরা বাদ দিব না।
আচ্ছা,চাপ্টার এর উপর বেজ করে চল একটা রুটিন দাড়া করাই।


দ্যাখ, চাপ্টার ৭ এ সব মিলিয়ে পেজ আছে ৫০ টা,যেগুলো আবার ২০ টা পাঠ এ ভাগ করা। এক একটা পাঠ ১০ মিনিট করে পড়লে ২০×১০=২০০ মিনিট,মানে ৩ ঘন্টা ২০ মিনিট লাগবে।
এখন বাজে বিকাল ৪ টা। আমরা এখন খেলতে বের হলে,যদি ৭ টায় বাসায় ফিরি আর ৭:৩০ এ পড়তে বসি তাহলে ১০:৩০ থেকে ১১:০০ এর মাঝে উঠে যেতে পারব।
মাঝখানে ৩০ মিনিটে রাতের খাবার সেরে ফেলব। ১২ টার আগেই আমরা ঘুমাতে চলে যাব।
দেখলি বাদল? কেমন করে একটা সিডিউল দাড়া করালাম! ম্যাডাম তো খালি বলে আমার মাথাভর্তি গোবর আর খুশকি, গোবর যে কত ভালো সার সেটা মনে হয় জানেন না!
আর খুশকি তো খুশকিই।
নে,চল! দেরী করে লাভ নাই। বাজি ধরেছিলাম না? আজকে ম্যাচ জিতলে ওদের বল কিন্তু আমাদের।
এখানে ফুটবল ম্যাচ এর দৃশ্য গুলো থাকার কথা, কিন্তু এটা যেহেতু স্পোর্টস নিয়ে লেখা কমিক্স না সেহেতু ওসব আঁকার প্রয়োজন মনে করি নি।
যা গো-হারা হারিয়েছি,সামনের ২ মাস আর মুখ দেখাবে না। এদের বল টা সেই তো...
ওহ! এখন মাত্র ৬:২৪ বাজে। আমাদের তো ৭ টায় বাড়ি ফেরার কথা।
চল,সামনের পার্ক টা দিয়ে ঘুরে তারপর বাড়ি যাই। সময়ের কাজ সময়েই করা ভালো।


৭:৩১
৮:০০
ভাই রে! পাঠ-১ ই যা বিশাল। আধা ঘন্টা ধরেও শেষ করতে পারছি না।
আমিও। বাদ দে। অন্য পাঠ এ যাই। ১ম টা থেকে এমনেও কিছু আসবে না।
৮:৩০
ও মা! এই পাঠ দেখি আগেরটার ডবল। এই জিনিস মাথায় রাখব কী ভাবে??
এগুলা কী বাংলা? না কী হিব্রু?? বোঝা দূরে থাক পড়াই তো যায় না!
৯:০০
এই বাবলা! বাদল! খেতে আয়!!
৯:৩০
বাহ্! সেই কখন থেকে পড়ছি,একটা পাঠ ও শেষ হলো না।
পাঠ-৩ রাখ! দেখি সামনে আরও ছোট আর সোজা কিছু আছে কী না..
১০:০০
চি..
চি
১০:৩০
সবগুলাই দেখি জন্মের বড়! সারা দুনিয়া কী এই চাপ্টারেই আছে না কী!?
১০:৪০
চল,১ম পাঠ টাই পড়ি। ঐটাই মনে হয় সবচেয়ে ছোট ছিল.. কী রে..বাবলা?! এই??


ধ্যাৎ!!
সেই কখন থেকে পড়ছি, একটা পাঠ ও মাথায় ঢুকাতে পারছি না! এই সমাজ এত বিরক্তিকর কেন!??
বুঝলি বাদল, আমাদের দিয়ে পড়াশুনা হবে না। চল বাড়ি ছেড়ে কোথাও পালিয়ে যাই।
বাড়ি ছেড়ে আর কই পালাবো? খাব কি?
আরিব্বাস!!
চল কালকের পরিক্ষায় নকল করি!!
বাবা একটা ছোট প্যাড দিয়েছিল না আমাদের? ওইটা নিয়ে আয়!
এই যে এইরকম ছোট ছোট কাগজ ছিঁড়ে,এর মধ্যে পাঠ গুলি লিখে নিলেই হবে। এরপর একসাথে স্ট্যাপলার মেরে দিলেই হয়ে যাবে।
এই নে। চল,বেশি রাত হওয়ার আগেই নকলগুলি বানিয়ে ফেলি।
তোর মাথায় একদম কাজের সময় বুদ্ধি খেলে রে,বাদল। তুই বেঁচে থাক, ভাই!!
আরেকটু আগে আসলে ভালো হত। উফ্, ..খাতা যেদিন ফেরত দিবে ম্যাডাম দেখবি একেবারে হাঁ করে তাকিয়ে থাকবে।


পরদিন...
৮-গ?? মানে ৪ তালায় সিট পরেছে?? একটু নিচে দিলে কী সমস্যা??
ঐ যে! বাবলা আর বাদল আসছে।
বাপ রে! আমাদের পাত্তাও দিল না। কেমন বুক উঁচিয়ে লাট সাহেব এর মত হেটে যাচ্ছে দ্যাখ!
ভাব দেখে মনে হয় একেবারে সারা দুনিয়া মাথায় পুড়ে এনেছে। একেবারে পরীক্ষায় ফাটিয়ে দিবে।
বাদ দে! ভাব তো ওরা কত রকম এরই ধরে! খাতা দেওয়ার দিন দেখবি ঐ ভাব কই উবে যাবে!
তা ঠিক! তবে দ্যাখ,কোন কুবুদ্ধি ঠাউরে এসেছে কী না..
পরীক্ষার সময়..
ঘন্টা বাজার সাথে সাথে আমি প্রশ্নপত্র গুলো সামনে দিয়ে দিব। রো এর প্রথমজন পিছনে পাস করে দিও। আর নাম,রোল টা আগে ঠিকমত লিখবে,তারপর উত্তর দিতে যাবে।
রাফি স্যার গার্ডে পরে ভালো হয়েছে। একেবারে ঢিলা গার্ড দেয়। নকল করতে সুবিধা হবে।
স্যার খাতা সাইন করতে উঠুক। এরপর আরামসে উত্তরগুলো দেখে নিব।
১ম টার উত্তর ২য় কাগজেই আছে। এক্কেবারে ছাক্কা ৫ নাম্বার আমার হাতে।


যাক! আজকে আর কোনো রুম গার্ড এর দায়িত্ব পাই নি..৮-গ,না?এই ক্লাসেই তো বিচ্ছু দুইটার পরার কথা।
একবার ওদের একটু দেখে যাই। কিছু পারছে, না কলম কামড়াচ্ছে..
দুইটার হাতে কী জানি দেখলাম!? ছোট ছোট কাগজ এর মত!??
নকল করছে না কী!? দাড়া!! আজকে হাতেনাতে ধরব, বদমাইশ দুইটাকে!!


হায় রে!! ম্যাডাম জানালা দিয়ে দেখে ফেলেছেন!! ক্লাসের দিকেই আসছেন ...এখন কী করি!??
রোল নম্বর টা ঠিকমত লেখ। তারপর সাইন করছি।
কী!? ভেবেছিস কিচ্ছু দেখিনি!? হ্যাঁ!? দে! কাগজগুলো আমার কাছে দে!! দে বলছি!!
ক..কীসের কাগজ,.. ম.. ম্যাডাম?
ঢং দেখাস,না!? এখনি কাগজগুলো দে! নকল করছিলি,না?
বিশ্বাস করেন, আমাদের কাছে কোন কাগজ নেই।
আর একবার বলছি, কাগজগুলো দে। ভালো হবে না কিন্তু!!


ভদ্র ভাবে বললে শুনবি না? দাড়া! সোজা আঙ্গুলে ঘি না উঠলে আঙ্গুল বাকাই করতে হয়!
আজব! ব্লেজার এর পকেট দেখি ফাঁকা। তাহলে কী শার্টে লুকালো??
!
?
শ..শার্ট এর পকেটও যে ফাকা..প্যান্টের পকেটেও তো কিছু নাই..
দ..দাড়া দেই। ইয়ে..তোরা কাগজ খাস?
কী!? কিছু পেলেন!? একে তো শীত, দুই এ এতগুলো সময় নষ্ট করলেন,তিনে তো বাদই দিলাম। এবার দয়া করে আমাদের জানমাল ফেরত দিন!?
আশ্চর্য!! স্পষ্ট দেখলাম দুইটার হাতে অন্য কিছু কাগজ ছিল। যাক,বাদ দেই..
এত চ্যাঁচামেচি করছিস কেন? ম্যাডাম হয়তোবা ভুল দেখেছেন। নে সিটে যা। তোদের ৫ মিনিট বারিয়ে দিব নে।
স্যার! স্যার! ই..ইয়ে রাফি স্যার!!
আপনাদের ক্লাস ১০ এর স্যারদের প্রি-টেস্ট এর প্রশ্ন নিয়ে জরুরী মিটিং বসবে। যান,আমাকে সাবস্টিটিউট এ পাঠিয়েছে।
ইসস্! রাফি স্যারই ভালো ছিল।
এই,খাতা কার কার সাইন করানো বাকি?
সমস্যা নাই! মন্ডল স্যারও এত ঝামেলা করে না! নে বাদল, নকলগুলো বের কর। কই লুকালি?? ম্যাডাম যে পেলই না??


এই বাদল!! নকলগুলো কই রাখলি?? বের কর!?
বাদল!? এই ছাগল!? হাঁ মেরে আছিস কেন!?
সর্বনাশ!!
ধড়াম!!
ন..নকলগুলো র..রাফি স্যার সাথে ন..নিয়ে গেছে..
মানে কী!?
যখন ম্যাডাম ক্লাসের দিকে দৌড়ে আসছিল,তখন রাফি স্যার আমার পাশে খাতা সাইন করছিল। আমি সুযোগ বুঝে,স্যার এর পকেটে নকলগুলো লুকিয়ে রেখেছিলাম।
এই ছেলে!! চিল্লাচ্ছিস কেন!? খাতা নিয়ে যাব কিন্তু!! এই ছেলে!! এই যে আসলাম কিন্তু!!
তুই একটা মানুষ, বাদল!?? স্যার এর পকেটে নকলগুলো লুকাতে গেলি!??
আর না তো কই লুকাবো!?


ধুর্!! ফেল করলে করব!! ভাল্লাগেনা! গার্ডিয়ান ডাকলে ডাকবে।
সেটাই! শুধু গার্ডিয়ান কেন, ১৪ গুষ্টি নিয়েই হাজির হব স্কুলে!!

# খুচরা



এই রাফি! এই তোর প্যান্ট এর ভিতর কাগজ কীসের?? দরকারি কিছু না কী??
কী কাগজ, মা?? দেখাও তো!
এই নে দ্যাখ! এরপর প্যান্ট এর পকেট চেক করে ধুতে দিবি।
?
(এখানে পলাশীর যুদ্ধের বিস্তারিত নকল করা আছে। নিজ দ্বায়িত্বে কল্পনা করে নেন)
?
এইগুলা আবার কী??

# *বোনাস*

